

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পরিবীক্ষণের (জানয়ারি -মার্চ, ২০২২) সিদ্ধান্ত বাস্তবায়নের ত্রৈমাসিক প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ে জননিরাপত্তা বিভাগের গঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) পরিবীক্ষণ কমিটির সভা গত ২৪ মার্চ, ২০২২ তারিখে কমিটি সভাপতি জনাব এ কে এম টিপু সুলতান, অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা) মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিসকক্ষে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় ১৬ মার্চ ২০২২ তারিখে অনুষ্ঠিত এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হয়েছে কিনা তা পরিবীক্ষণের সিদ্ধান্ত গ্রহীত হয় (সভার কার্যবিবরণী সংযুক্ত)।

১. সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটি কর্তৃক অনুষ্ঠিত ১৬ মার্চ ২০২২ তারিখের সভার সিদ্ধান্তসমূহ:

- (ক) জননিরাপত্তা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতির প্রতিটি সেবার বিপরীতে সেবা প্রদানের নিমিত্ত সেবা প্রত্যাশী কর্তৃক আবেদনের জন্য পর্যায়ক্রমে ফরম সংযোজনকরণ:
(খ) জননিরাপত্তা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতিতে প্রতিটি সেবার বিপরীতে প্রয়োজ্য ক্ষেত্রে পর্যায়ক্রমে ফরম সংযোজনপূর্বক সেবা প্রদান প্রতিশ্রুতি পিডিএফ ফাইল আকারে তথ্য বাতায়নে প্রকাশকরণ।


সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির উল্লিখিত সিদ্ধান্তসমূহের আলোকে সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি কর্তৃক নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহীত হয় (সবার কার্যবিবরণী সংযুক্ত):


- (ক) জননিরাপত্তা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতিতে ফরম সংযোজনপূর্বক তা পিডিএফ ফাইল আকারে তথ্য বাতায়নে প্রকাশ করা হয়েছে কি না তা যাচাই করা।
(খ) জননিরাপত্তা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লিখিত সেবার বিপরীতে অনুবিভাগ ভিত্তিক কতগুলো ফরম সংযোজন করা হয়েছে এবং ফরমের লিংকসমূহ সঠিকভাবে কাজ করে কিনা তা যাচাই-বাছাই করা।


২. সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি: জননিরাপত্তা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) পরিবীক্ষণ কমিটি কর্তৃক ২৪ মার্চ ২০২২ তারিখে যাচাই-বাছাইপূর্বক দেখা যায়, (ক) সিদ্ধান্তের আলোকে জননিরাপত্তা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতিতে বিভিন্ন অনুবিভাগ হতে প্রাপ্ত ফরমসমূহ সংযোজনপূর্বক তা পিডিএফ ফাইল আকারে জননিরাপত্তা বিভাগের তথ্য বাতায়নে ২২ মার্চ ২০২২ তারিখে প্রকাশ করা হয়েছে।

(খ) সেবা সংশ্লিষ্ট ফরম সংযোজনপূর্বক জননিরাপত্তা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি পিডিএফ ফাইল আকারে তথ্য বাতায়নে প্রকাশ করা হয়েছে। প্রতিটি ফরমের লিংক যাচাইপূর্বক দেখা যায়, প্রতিটি ফরমের লিংক সঠিকভাবে কাজ করছে।

৩. প্রতিবেদনটি সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।


বিকাশ বিশ্বাস
সিনিয়র সহকারী সচিব
বাজেট-১ শাখা
ও
সদস্য
সেবা প্রদান প্রতিশ্রুতি


আশাফুর রহমান
উপসচিব
প্রশাসন-৩ শাখা
ও
সদস্য সচিব
সেবা প্রদান প্রতিশ্রুতি


এ কে এম টিপু সুলতান
অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা)
জননিরাপত্তা বিভাগ
ও
আহ্বায়ক
সেবা প্রদান প্রতিশ্রুতি